# কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ২৪

## আরবি মূল আয়াত:

اَلۡقِیَا فِیۡ جَهَنَّمَ کُلَّ کَفَّارٍ عَنِیۡدٍ ﴿۲۴﴾

## অনুবাদসমূহ:

তোমরা জাহান্নামে নিক্ষেপ কর প্রত্যেক উদ্ধত কাফিরকে, — আল-বায়ান

(নির্দেশ দেয়া হবে) তোমরা উভয়ে প্রত্যেক অবাধ্য কাফিরকে নিক্ষেপ কর জাহান্নামে। — তাইসিরুল

আদেশ করা হবেঃ তোমরা উভয়েই নিক্ষেপ কর জাহান্নামে, প্রত্যেক উদ্ধত কাফিরকে – — মুজিবুর রহমান

[Allah will say], "Throw into Hell every obstinate disbeliever, — Sahih International

২৪. আদেশ করা হবে, তোমরা উভয়ে(১) জাহান্নামে নিক্ষেপ কর প্রত্যেক উদ্ধত কাফিরকে-

(১) القيا শব্দটি দ্বিবাচক পদ। আয়াতে কোনো ফেরেশতাদ্বয়কে সম্বোধন করা হয়েছে। বাহ্যতঃ পূর্বোক্ত চালক ও সাক্ষী ফেরেশতাদ্বয়কে সম্বোধন করা হয়েছে। [ইবন কাসীর, ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২৪) (আদেশ করা হবে,) তোমরা উভয়ে নিক্ষেপ কর জাহান্নামে প্রত্যেক উদ্ধত অবিশ্বাসীকে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4654

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন